গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালত, ঝালকাঠি
(নেজারত বিভাগ)
jhalokati.judiciary.gov.bd

স্মারক নং- ৩০৯

তারিখ ১১ই জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৫শে মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**ঝালকাঠির জেলা ও দায়রা জজ আদালত, ট্রাইবুনালসমূহ ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে জুডিসিয়াল হেল্পলাইন চালুকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বিচারপ্রার্থী জনগণকে দ্রুত, নির্বিঘ্ন ও কার্যকর বিচারিক সেবা প্রদানের লক্ষ্যে এবং আদালত পরিচালনায় জনগণের অভিযোগ ও পরামর্শ সরাসরি বিচার প্রশাসনের দৃষ্টিগোচরে আনার জন্য একটি জুডিসিয়াল হেল্পলাইন চালু করা হয়েছে। জেলা ও দায়রা জজ আদালত, ট্রাইবুনালসমূহ ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ঝালকাঠি এর যেকোনো শাখায় সেবা গ্রহণকালে বিচারপ্রার্থীগণ যদি কোনো ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা সেবা সংক্রান্ত কোনো অসুবিধা অনুভব করেন, তাহলে নিম্নোক্ত হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন।

**এই হেল্পলাইনের মাধ্যমে পাওয়া যাবে:**

১. মামলা সংক্রান্ত প্রাথমিক তথ্য ও দিকনির্দেশনা।
২. বিচার ব্যবস্থার সঙ্গে সংশ্লিষ্ট যেকোনো প্রশ্ন বা জিজ্ঞাসার উত্তর।
৩. অভিযোগ (পরিচয় গোপনসহ), পরামর্শ ও মতামত প্রদানের সুযোগ।

**হেল্পলাইন নম্বর: ০১৩৩৫১৪৫০৫২ (ফোনকল, বার্তা ও Whats App এর সুবিধাসহ)**
**ই-মেইল : helpline.jhalokathijudiciary@gmail.com**

**সেবা গ্রহণের সময়: রবিবার থেকে বৃহস্পতিবার, সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা (সরকারি ছুটির দিন ব্যতীত)**

বিশেষ দ্রষ্টব্য: তিনজন বিচার বিভাগীয় কর্মকর্তার সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে এই হেল্পলাইনটি পরিচালিত হবে এবং একজন বিচারক/ম্যাজিস্ট্রেট হেল্পলাইন প্রতিনিধি হিসাবে উক্ত সেবাসমূহ প্রদান করবেন। হেল্পলাইনটি শুধুমাত্র তথ্য প্রদান ও দিকনির্দেশনার জন্য নির্ধারিত। এটি মামলা নিষ্পত্তির কোন মাধ্যম নয়।

মাননীয় জেলা ও দায়রা জজ, ঝালকাঠি এর নির্দেশক্রমে,

**স্বা.**
(মোঃ আরিফ হোসেন )
হেল্পলাইন প্রতিনিধি ও ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ
জেলা ও দায়রা জজ আদালত, ঝালকাঠি।
ফোন: +৮৮০২৪৭৯৯৩৪০৫৯
ইমেইল: nezarat.jhalokathijudiciary@gmail.com

১১ই জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ

স্মারক নং- তারিখ ২৫শে মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে বিতরণ করা হলো ঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১. বিজ্ঞ জেলা ও দায়রা জজ , ঝালকাঠি।
২. বিজ্ঞ বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, ঝালকাঠি।
৩. বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝালকাঠি।
৪. বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঝালকাঠি।
৫. জেলা প্রশাসক , ঝালকাঠি। **(প্রচারের অনুরোধসহ)**
৬. পুলিশ সুপার, ঝালকাঠি। **(প্রচারের অনুরোধসহ)**
৭. সিভিল সার্জন, ঝালকাঠি। **(প্রচারের অনুরোধসহ)**
৮. বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ (প্রথম আদালত)/(দ্বিতীয় আদালত), ঝালকাঠি।
৯. বিজ্ঞ বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইবুনাল, ঝালকাঠি।
১০. বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম/দ্বিতীয় আদালত, ঝালকাঠি।
১১. বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, সদর আদালত, ঝালকাঠি।
১২. জেলা লিগ্যাল এইড অফিসার, ঝালকাঠি।
১৩. বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম/দ্বিতীয় আদালত, ঝালকাঠি।
১৪. বিজ্ঞ সহকারী জজ, নলছিটি/রাজাপুর/কাঠালিয়া।
১৫. ভারপ্রাপ্ত জজ/ম্যাজিস্ট্রেট..........
১৬. জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। **(প্রচারের অনুরোধসহ)**
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, ঝালকাঠি (আইনজীবী সমিতির নোটিশবোর্ডে প্রচারের অনুরোধসহ)
১৮. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব ঝালকাঠি। (জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকা ও টেলিভিশনে প্রচারের অনুরোধসহ)
১৯. প্রশাসনিক কর্মকর্তা/নাজির, জেলা জজ আদালত, ঝালকাঠি/ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ঝালকাঠি।
২০. জনাব মাসুদ রানা, বেঞ্চ সহকারী, জেলা জজ আদালত ( জেলা ও দায়রা জজ আদালতের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২১. অফিস কপি

হেল্পলাইন প্রতিনিধি ও ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ
জেলা ও দায়রা জজ আদালত, ঝালকাঠি।